

## পীরগাছার ১৫৭ স্কুলে ব্লাকবোর্ডে প্রশ্ন লিখে নেয়া হচ্ছে পরীক্ষা

■ পীরগাছা (রংপুর) সর্বোদ্যোগ

উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় থেকে প্রস্তুত সরবরাহ না করায় রংপুরের পীরগাছায় ১৫৭টি সরকারি-প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা নিতে গিয়ে শিক্ষকেরা বিপাকে পড়ছেন। ফলে প্রস্তুত হওয়াই শিক্ষকেরা তাৎক্ষণিকভাবে হাতে তৈরি প্রশ্ন ব্লাকবোর্ডে লিখে দিয়ে শিক্ষার্থীদের পরীক্ষা নিতে বাধ্য হচ্ছেন। শিক্ষকদের অভিযোগ, শিক্ষা কর্মকর্তার দায়িত্বহীনতা ও উদাসীনতার কারণে তাদেরকে প্রস্তুত সরবরাহ করা হয়নি। উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় ও অভিযোগে জানা যায়, গত ১৫ই নভেম্বর থেকে উপজেলার ১৫৭টি সরকারি-প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে। এসব বিদ্যালয়ে প্রথম শ্রেণি থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত ৪০ হাজার ৯শ' জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রত্যেকটি বিষয়ের প্রশ্নপত্রের জন্য ৩ টাকা করে ফি জমা দিয়েছেন শিক্ষকেরা কিন্তু শিক্ষা কর্মকর্তা বাংলা, ইংরেজী, গণিত, ধর্ম ও বিজ্ঞান বিষয়ের প্রশ্নপত্র সরবরাহ করলেও তিনি তৃতীয় ও চতুর্থ শ্রেণির সঙ্গীত, শারীরিক শিক্ষা, চারু-কারুকলা এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণির পরিবেশ পরিচিতি ও ধর্ম, সমীচ এবং চারু-কারুকলা বিষয়ের কোন প্রশ্নপত্র সরবরাহ করেননি। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা হরি শাকের সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি প্রশ্নপত্র সরবরাহ না করার কথা স্বীকার করে বলেন, প্রাথমিক সমাপনী পরীক্ষা নিয়ে ব্যস্ত থাকায় ছাপাখানায় যোগাযোগ করতে পারিনি। ফলে প্রশ্নপত্র না পেয়ে সরবরাহ করতে পারিনি।